যায়যায়দিন

তারিখ ... AUG 12 2006 ...

# বদলির নিয়ম বদলানোর সুপারিশে সরকারি প্রাইমারি শিক্ষকরা দুশ্চিন্তায়

আতিক রহমান পূর্ণিয়া

সরকারি প্রাইমারি শিক্ষকদের বদলির নিয়ম পরিবর্তন করতে যাচ্ছে সরকার। প্রাথমিক শিক্ষা অধিদফতর এ বিষয়ে একটি পূর্ণাঙ্গ সুপারিশ প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ে পাঠিয়েছে। সরকারি প্রাইমারি শিক্ষকদের প্রধান দুটি সংগঠনই নিয়ম পরিবর্তনের এ উদ্যোগের বিরোধিতা করেছেন। শিক্ষকরা আশঙ্কা করছেন নতুন নিয়মের কারণে মাঠ পর্যায়ের শিক্ষকরা থানা শিক্ষা অফিসার, স্থানীয় প্রশাসন ও রাজনৈতিক ব্যক্তিদের হাতে জিম্মি হয়ে পড়বেন।

সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে, এখন পর্যন্ত উপজেলা পর্যায়ে কোনো শিক্ষককে এক স্কুল থেকে অন্য কোনো প্রাইমারি স্কুলে বদলি করতে হলে জেলা প্রাথমিক শিক্ষা অফিসারের অনুমোদন লাগে। কিন্তু প্রস্তাবিত নতুন নিয়মে উপজেলা শিক্ষা অফিসাররাই উপজেলার শিক্ষকদের এক স্কুল থেকে অন্য স্কুলে বদলি করতে পারবেন।

এছাড়াও নতুন নিয়মে আন্তঃজেলা বদলির দায়িত্ব বিভাগীয় উপপরিচালক এবং আন্তঃবিভাগ বদলির দায়িত্ব সরাসরি প্রাথমিক শিক্ষা অধিদফতরের মহাপরিচালকের হাতে দেয়া হচ্ছে। শিক্ষরা বলছেন উপজেলা পর্যায়ে বদলির নিয়ম পরিবর্তনের কারণে প্রাথমিক শিক্ষকরা অহরহ উপজেলা শিক্ষা অফিসারসহ উপজেলার উর্ধ্বতন কর্মকর্তা ও স্থানীয় রাজনৈতিক ব্যক্তিদের হাতে জিম্মি হয়ে পড়বেন।

প্রাথমিক শিক্ষা অধিদফতরের এ সুপারিশ সম্পর্কে বাংলাদেশ সরকারি [illegible] শিক্ষক সমিতির সভাপতি এম আউয়াল তালকদার পৃঃ ২ কঃ ৬

## বদলির নিয়ম বদলানোর

*(শেষ পৃষ্ঠার পর)*

প্রতিক্রিয়া জানিয়ে যায়যায়দিনকে বলেন, এ সুপারিশ বাস্তবায়িত হলে স্থানীয় প্রশাসন বা প্রভাবশালী ব্যক্তিদের আক্রোশের শিকার হতে পারেন প্রাইমারি শিক্ষকরা। এসবের কারণে প্রাথমিক শিক্ষার মাঠপর্যায়ে বিশৃঙ্খলা সৃষ্টি হতে পারে। তিনি জানান, এর আগেও আশির দশকে এরকম একটি সিদ্ধান্ত নেয়া হয়েছিল। কিন্তু মাত্র দেড় বছরের মাথায় নানান সমস্যা তৈরি হতে থাকলে সরকার সিদ্ধান্ত পরিবর্তন করে নেয়।

প্রতিদ্বন্দ্বী সংগঠন বাংলাদেশ প্রাইমারি শিক্ষক সমিতির সেক্রেটারি কাজী আ কা ফজলুল হকও বলেন, জেলা পর্যায়ে যোগাযোগ করে কারো পক্ষে একজন প্রাইমারি শিক্ষককে বদলি করা যতোটা কঠিন থানা পর্যায়ে প্রশাসনিক দুর্বলতা কাজে লাগিয়ে ও ক্ষমতার দাপটে যে কারো পক্ষে তা অনেক সহজ হবে। এ সিদ্ধান্তের ফলে প্রাইমারি শিক্ষকরা হেনস্তা হতে পারেন বলে তিনি আশঙ্কা প্রকাশ